



রাশফোর্ডের জোড়া গোলে চ্যাম্পিয়নস লিগে জয়ে শুরু বার্সেলোনার



সংগৃহীত ছবি

ইংলিশ ফরওয়ার্ড মার্কাস রাশফোর্ডের দুর্দান্ত পারফরম্যান্সে উয়েফা চ্যাম্পিয়নস লিগে শুভসূচনা করল বার্সেলোনা। নিউক্যাসল ইউনাইটেডের বিপক্ষে জোড়া গোল করে দলকে ২-১ ব্যবধানের জয় এনে দেন তিনি।

উয়েফা চ্যাম্পিয়নস লিগের নতুন মৌসুমে জয় দিয়ে যাত্রা শুরু করল বার্সেলোনা। ইংলিশ ফরওয়ার্ড মার্কাস রাশফোর্ডের জোড়া গোলে সেন্ট জেমস পার্কে নিউক্যাসল ইউনাইটেডকে ২-১ গোলে হারিয়েছে হ্যাম্পি ফ্লিকের শিষ্যরা।

প্রথমার্ধে গোলশূন্য থাকার পর ম্যাচের ৫৮ মিনিটে গোলের খাতা খোলেন রাশফোর্ড। জুলস কুন্দের ড্রস থেকে নিখুঁত হেডে গোল করে দলকে এগিয়ে নেন তিনি। এরপর ৬৮ মিনিটে ২০ গজ দূরত্ব থেকে শক্তিশালী শটে আরেকটি গোল করেন এই ইংলিশম্যান। এর ফলে হ্যারি কেইনের পর দ্বিতীয় ইংলিশ খেলোয়াড় হিসেবে তিনি ইউসিএলে ইংল্যান্ডের বাইরের ক্লাবের হয়ে প্রিমিয়ার লিগের ক্লাবের বিপক্ষে জোড়া গোল করার কীর্তি গড়লেন।

তবে শেষ মুহূর্তে লড়াইয়ে ফেরার চেষ্টা করে নিউক্যাসল। ম্যাচের ৯০ মিনিটে অ্যাঙ্কন গর্ডনের গোলে ব্যবধান কমালেও শেষ পর্যন্ত হার এড়াতে পারেনি এডি হাওয়ার দল। ফলে প্রত্যাবর্তনের ম্যাচে পরাজয় নিয়েই মাঠ ছাড়তে হলো নিউক্যাসল ইউনাইটেডকে।